

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শৃংখলা-১ শাখা

[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৫-৬৩২

তারিখঃ ২২.০৯.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ রেহেনুমা তারান্নুম (১৩৩৯৩২), সহকারী সার্জন, নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নানিয়ারচর, রাঙ্গামাটি এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

### অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ রেহেনুমা তারান্নুম (১৩৩৯৩২), সহকারী সার্জন, নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নানিয়ারচর, রাঙ্গামাটি গত ০১.০৪.২০১৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ রেহেনুমা তারান্নুম (১৩৩৯৩২)

সহকারী সার্জন

নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র

নানিয়ারচর, রাঙ্গামাটি।

(স্থায়ী ঠিকানা- পিতা-মোঃ সালাউদ্দিন, ওমদামিয়া হিল, তবলছড়ি, ডাকঘর-রাঙ্গামাটি, জেলা-রাঙ্গামাটি)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৫-৬৩২/১(৬)

তারিখঃ ২২.০৯.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপসচিব (পার-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নানিয়ারচর, রাঙ্গামাটি।

(আসমা তাসকিন)


উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

অভিযোগ বিবরণী

ডাঃ রেহেনুমা তারান্নুম (১৩৩৯৩২), সহকারী সার্জন, নানিয়ারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নানিয়ারচর, রাশামাটি গত ০১.০৪.২০১৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব